জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

আরসিডি সার্কুলার নং- ৬০/১৭

তারিখ ঃ ১৫/০৫/২০১৭ খ্রিঃ
০১ জ্যৈষ্ঠ ১৪২৪ বাং

উপ-মহাব্যবস্থাপক/
সহকারী মহাব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/এরিয়া অফিস
লোকাল অফিস/এরিয়া অফিস/কর্পোরেট শাখা/
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ।

বিষয় ঃ দেশের হাওড় অঞ্চলে সাম্প্রতিক (২০১৭) বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক/ব্যক্তিদের হ্রাসকৃত সুদহার ৪.৫০% এ কৃষি ও পল্লী ঋণ প্রদান কর্মসূচি'র নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সম্প্রতি বাংলাদেশের হাওড় অঞ্চলে তথা সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা, কিশোরগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার ও ব্রাহ্মণবাড়িয়াসহ দেশের বিভিন্ন এলাকায় পাহাড়ি ঢলের পানি এবং ভারী বৃষ্টিপাতে সৃষ্ট আকস্মিক বন্যায় ধানসহ কৃষিজাত ফসল প্রায় সম্পূর্ণ ধ্বংস হওয়ায় এতদঞ্চলের কৃষকগণ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। বিশেষ করে, হাওড় অঞ্চলের প্রধান ফসল বোরো ধান ও অন্যান্য ফসল পানিতে তলিয়ে যাওয়ায় কৃষকরা অতিশয় ক্ষতিগ্রস্ত হয়েছেন। এ প্রেক্ষাপটে ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহে ব্যক্তি/কৃষকদের ক্ষতি কাটিয়ে উঠে কৃষি উৎপাদন কর্মকান্ড অব্যাহত রাখার লক্ষ্যে রোপা আমনসহ অন্যান্য ফসল ও মৎস্য চাষ এবং ক্ষতিগ্রস্ত কৃষকদের বসতবাড়ির আঙিনায় হাঁস-মুরগী ও গবাদি পশু পালন, গো-খাদ্য উৎপাদন ও ক্রয় ইত্যাদি খাতে সহজ শর্তে ও স্বল্প সুদে ক্ষতিগ্রস্ত ব্যক্তি/কৃষকদের ঋণ সুবিধা প্রদান খুবই জরুরী।

২.০০। উপর্যুক্ত অবস্থার প্রেক্ষিতে ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহের ব্যক্তি/কৃষকদেরকে ক্ষতি কাটিয়ে উঠার জন্য রোপা আমনসহ অন্যান্য ফসল ও মৎস্য চাষ এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তি/কৃষকদের বসতবাড়ির আঙিনায় হাঁস-মুরগী ও গবাদি পশু পালন, গো-খাদ্য উৎপাদন ও ক্রয় এবং পল্লী ঋণের বিভিন্ন কর্মকান্ড পরিচালনার জন্য "দেশের হাওড় অঞ্চলে সাম্প্রতিক (২০১৭) বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক/ ব্যক্তিদের হ্রাসকৃত সুদহার ৪.৫০% এ কৃষি ও পল্লী ঋণ প্রদান কর্মসূচি" প্রণয়ন করা হয়েছে; যার নীতিমালা গত ০৪/০৫/২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের বোর্ড অব ডিরেক্টরস এর ৪৭৩তম সভায় অনুমোদিত হয়েছে। উক্ত ঋণ কর্মসূচির নীতিমালা নিম্নে প্রদত্ত হল ঃ-

২.০১। কর্মসূচির নাম ঃ "দেশের হাওড় অঞ্চলে সাম্প্রতিক (২০১৭) বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক/ব্যক্তিদের হ্রাসকৃত সুদহার ৪.৫০% এ কৃষি ও পল্লী ঋণ প্রদান কর্মসূচি"।

২.০২। ঋণের উদ্দেশ্য ঃ হাওড় অঞ্চলে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর পুনর্বাসন ও স্বাবলম্বীকরণ।

২.০৩। ক্ষতিগ্রস্ত সংশ্লিষ্ট এলাকাসমূহ ঃ

জেলার নাম	উপজেলা/থানার নাম
কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ সদর, করিমগঞ্জ, নিকলী, বাজিতপুর, কুলিয়ার চর, ভৈরব, কটিয়াদি, পাকুন্দিয়া, হোসেনপুর, তাড়াইল, ইটনা, মিটামইন, অষ্টগ্রাম।
নেত্রকোনা	বারহাট্টা, মোহনগঞ্জ, দুর্গাপুর, মদনপুর, পূর্বধলা, খালিয়াজুড়ি, কেন্দুয়া, কলমাকান্দা, আটপাড়া।
সিলেট	দক্ষিণ সুরমা, গোলাপগঞ্জ, বিয়ানী বাজার, ফেঞ্চুগঞ্জ, কানাইঘাট, জকিগঞ্জ, জৈন্তাপুর, গোয়াইনঘাট, বিশ্বনাথ, বালাগঞ্জ, ওসমানিনগর, কোম্পানীগঞ্জ।
সুনামগঞ্জ	সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ দক্ষিণ, দিরাই, দোয়ারা, ছাতক, জগন্নাথপুর, শাল্লা, ধর্মপাশা, জামালগঞ্জ, তাহিরপুর, বিশ্বম্ভরপুর।
মৌলভীবাজার	কুলাউড়া, কমলগঞ্জ, জুড়ী।
হবিগঞ্জ	হবিগঞ্জ সদর, নবীগঞ্জ, বানিয়াচং।
ব্রাহ্মণবাড়িয়া	ব্রাহ্মণবাড়িয়া সদর, সরাইল, কসবা, নবীনগর, নাসিরনগর, বাঞ্ছারামপুর, আখাউড়া, আশুগঞ্জ ও বিজয়নগর।

২.০৪। পুনর্বাসন ঋণ কর্মসূচির বিভিন্ন খাত/কর্মকান্ড ঃ কৃষি ৩টি কোর খাত যথা - শস্য, মৎস্য ও প্রাণি সম্পদসহ কৃষি ও পল্লী ঋণের বিভিন্ন বৈধ আয়বর্ধক কর্মকান্ড।

২.০৫। ঋণ প্রাপ্তির যোগ্যতা ঃ সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক/ব্যক্তিগণ।

২.০৬। গ্রাহক নির্বাচন ঃ শাখা ব্যবস্থাপক এবং শাখার সংশ্লিষ্ট ঋণ কর্মকর্তা বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা যাচাই-বাছাই করে প্রকৃত ক্ষতিগ্রস্তদেরকে ঋণ প্রদান করবে।

২.০৭। ঋণসীমা ঃ সর্বোচ্চ ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা। তবে শস্য ঋণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ নিয়মাচার অনুসরণ করতে হবে।

২.০৮। সুদের হার ঃ ৪.৫০% সরল সুদ। তবে ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের ক্ষেত্রে ৪% সুদহার বলবৎ থাকবে।

২.০৯। ঋণ মঞ্জুরি ক্ষমতা ঃ শাখা ব্যবস্থাপক।

২.১০। ঋণের জামানত ঃ সহজামানত বিহীন। তবে এ ক্ষেত্রে ব্যক্তিগত গ্যারান্টি ও তৃতীয় পক্ষীয় গ্যারান্টি গ্রহণ করতে হবে।

চলমান পাতা- ০২

বিষয় ঃ দেশের হাওড় অঞ্চলে সাম্প্রতিক (২০১৭) বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক/ব্যক্তিদের হ্রাসকৃত সুদহার ৪.৫০% এ কৃষি ও পল্লী ঋণ প্রদান কর্মসূচি'র নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পর-

২.১১।	চার্জ ডকুমেন্টেশন	ঃ ক) ডিপি নোট। খ) লেটার অব হাইপোথিকেশন। গ) লেটার অব গ্যারান্টি। ঘ) ব্যাংকের প্রচলিত নিয়ম মোতাবেক অন্যান্য চার্জ ডকুমেন্টস।
২.১২।	ঋণ বিতরণ	ঃ এককালীন।
২.১৩।	ঋণের মেয়াদ	ঃ ১৮ (আঠার) মাস {৬(ছয়) মাস গ্রেস পিরিয়ডসহ}।
২.১৪।	ঋণ পরিশোধ পদ্ধতি	ঃ ঋণ বিতরণের তারিখ হতে ৬(ছয়) মাস রেয়াতি সময়সহ মোট ১৮(আঠার) মাসের মধ্যে ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধযোগ্য।
২.১৫।	কর্মসূচির মেয়াদ	ঃ আগামী ২০১৭-২০১৮ অর্থবছরের বোরো চাষ মৌসুমের শেষ সময় ৩১/০৩/২০১৮ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
২.১৬।	বরাদ্দ	ঃ ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ অর্থবছরে প্রদত্ত বরাদ্দ আন্তঃখাত সমন্বয় করে ঋণ মঞ্জুর ও বিতরণ করা যাবে। অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে প্রধান কার্যালয় হতে বরাদ্দ প্রদান করা হবে।
২.১৭।	বিবরণী প্রেরণ	ঃ আলোচ্য নীতিমালার আওতায় বিতরণকৃত ঋণের তথ্যাদি সংশ্লিষ্ট এরিয়া অফিস প্রধান কার্যালয়ের রিটেইল কাস্টমার ডিপার্টমেন্ট-৩ বরাবরে প্রেরণ করবে।
২.১৮।	মনিটরিং	ঃ ঋণটি সম্পূর্ণ তদারকিমূলক ঋণ। সার্বিকভাবে ঋণগ্রহীতা নির্বাচন এবং ঋণ বিতরণের পর শাখা নিয়মিত তদারকি করবে এবং ঋণ আদায় করবে। পাশাপাশি এরিয়া অফিস থেকেও ঋণ তদারকি ও মনিটরিং করবে।

এমতাবস্থায়, উপরে বর্ণিত নীতিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক আলোচ্য কর্মসূচির আওতায় ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেওয়া হল।

আপনার বিশ্বস্ত,

Kamal

মোঃ মোস্তফা কামাল
উপ-মহাব্যবস্থাপক

মোঃ আব্দুল জব্বার
মহাব্যবস্থাপক

অনুলিপি ঃ

১. কোম্পানী সেক্রেটারী, কোম্পানী এ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. একান্ত সচিব, সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. ব্যক্তিগত কর্মকর্তা, উপ-ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. ব্যক্তিগত কর্মকর্তা, সকল মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা;
বিভাগীয় কার্যালয়, ঢাকা-উত্তর/ঢাকা-দক্ষিণ/চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/কুমিল্লা/ফরিদপুর;
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা।
৫. নথি।